ইয়েমেনের কারাগারে সৌদির বিমান হামলায় নিহত ৭



ছবি: সংগৃহীত

উত্তর ইয়েমেনের একটি সংশোধনাগারে বিমান হামলা চালানোর অভিযোগ তুলেছে দেশটির হুতি বিদ্রোহীরা। তাদের দাবি, সৌদি আরবের চালানো ওই হামলায় শিশুসহ অন্তত সাতজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও সাতজন।

সোমবার (৭ সেপ্টেম্বর) সৌদি সীমান্তের কাছাকাছি আল-জউফ প্রদেশের একটি সংশোধনাগারে এ হামলা হয় বলে জানিয়েছে হুতি নিয়ন্ত্রিত আল-মাসিরাহ টেলিভিশন। ঘটনাটির ভিডিওও প্রকাশ করেছে চ্যানেলটি।

হুতিদের দাবি, হামলায় বোমার আঘাতে সংশোধনাগারটির মূল ভবন ধসে পড়েছে। ধ্বংসস্তূপের নিচে কেউ আটকা পড়ে আছেন কি না, তা দেখতে উদ্ধারকাজ চলছে।

এদিকে আল-জউফ এলাকায় হত্যাযজ্ঞ চালানো, নজরদারি ড্রোন ওড়ানো এবং সশস্ত্র গোষ্ঠীগুলোর কাছে অস্ত্র সরবরাহের অভিযোগও সৌদি আরবের বিরুদ্ধে করেছে হুতিরা। পাশাপাশি হাদরামৌত প্রদেশের সীমান্তে একটি চেকপোস্টে সামরিক সরঞ্জাম বহনকারী সৌদি ট্রাকে হামলা চালানোর দাবিও করেছে তারা।

তবে হুতিদের এসব অভিযোগের বিষয়ে এখন পর্যন্ত সৌদি আরব কোনো মন্তব্য করেনি।